দৈনিক বাংলা

তারিখ 26 APR 1987
পৃষ্ঠা ৫ কলাম ৮

625

# জাতীয় উন্নয়নে বিজ্ঞানকে কাজে লাগান: সারোয়ার

শিক্ষা উপমন্ত্রী জনাব গোলাম সারোয়ার বলেন, বিজ্ঞানের অগ্রযাত্রা, যুগযন্ত্রণার সফল পরিণতি, যার মাধ্যমে মানবসভ্যতার বিকাশকে অর্থবহ করে তোলা হচ্ছে।

তিনি শুক্রবার ঢাকার লালকুঠি মিলনায়তনে পূর্বাশা বিজ্ঞান সংসদের সপ্তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত এক আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন।

বিজ্ঞানীদেরকে সর্বযুগের শ্রেষ্ঠ সন্তান আখ্যায়িত করে শিক্ষা উপমন্ত্রী বলেন, আদিম সভ্যতা থেকে আধুনিক যুগে উত্তরণের ভিত্তিমূলে বিজ্ঞানীদের কঠোর জ্ঞানসাধনা নিবেদিত।

জনাব সারোয়ার বলেন, বিজ্ঞানের বিকাশকে জাতীয় উন্নয়নে যথাযথভাবে কাজে লাগানোর জন্য বর্তমান সরকার নবগঠিত শিক্ষা কমিশনের মাধ্যমে বিজ্ঞানভিত্তিক শিক্ষা ব্যবস্থা প্রণয়নের উপর গুরুত্ব আরোপ করেছেন। খবর তথ্য বিবরণীর।